

Child Education

001

শিক্ষা বিস্তারের সংকট

যে দরিদ্র যে মানুষ, নিজের এবং সন্তানদের জন্য দিনে দু'বেলা দু'শতেক জন্ম আর সামান্য বস্ত্রের আবহু যোগাড় করতেই যে হিমশিম খায়, তার জন্য কিংবা তার সন্তানদের জন্য শিক্ষার কি ব্যবস্থা? এই রাষ্ট্রেরই নাগরিক তারা, এখনকারই স্থায়ী বাসিন্দা। কিন্তু তাদের জীবিকার জন্য যেমন ব্যবস্থা করা যাচ্ছে না, তেমন যাচ্ছে না শিক্ষারও।

সামসারের দৈনিক বাংলায় বাঘাপুর উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক এক পাত্রে এইসব সাধারণ মানুষের নিঃস্বাপ ফুলের মত শিশু সন্তানদের শিক্ষার ব্যবস্থা নিয়ে প্রশ্ন করেছেন এই সমাজের কাছে। এই সব শিশুরা এলাকার প্রাইমারী স্কুলে ভর্তিও হয়েছিল, সরকারী আনুকূল্যে হয়ত পেয়েছিল বিনামূল্যের বই, এক প্রস্ত পরিধেয়। হয়ত স্কুলেও এসেছিল কিছুদিন, কিংবা মাঝে মাঝে। পরীক্ষাও দিয়েছিল। কিন্তু পাস করতে পারেনি। এরকম একজন ফেলপজ শিশু ছাত্রীকে সংশ্লিষ্ট শিক্ষক মঠে ঘুটে কুড়াতে দেখেছিলেন।

সংশ্লিষ্ট ওই শিশু ছাত্রীটি দ্বিতীয় বছর ওই স্কুলে একটি শ্রেণীতে আর পড়বে কিনা, কিংবা পড়তে পারবে কিনা, জানি না। হয়ত খসেই পড়বে, ড্রপ আউটের সংখ্যা বাড়বে প্রাথমিক পর্যায়ের শিক্ষায়। শিক্ষার সুযোগ থেকে বঞ্চিতই থেকে যাবে ওরা। অক্ষরজ্ঞানও পাবে না শেষ পর্যন্ত।

কিন্তু কি এর কারণ? দেশে শিক্ষার যেকোনো সুযোগ আছে, তারও কোন সম্ভাবনার হচ্ছে না? তার কারণ সম্ভবত জীবিকার তাগিদ। পেট পুরে যে শিশু দু'বেলা খেতেই পায় না, সে কিভাবে উপস্থিত থাকবে শ্রেণীক্ষেত্র? জীবনের তাগিদেই তাকে ঘুটে কুড়িয়ে নিতে হয় মঠ থেকে, সংসারের উনোনে জ্বলানি হিসাবে ব্যবহারের জন্য। হয়ত তাকে সংসারের অন্ত সঙ্স্থানেও হাত লাগাতে হবে এখন থেকেই। দেশে শিক্ষা বিস্তারের উদ্যোগ গ্রহণকালে সাক্ষর মানুষের শতকরা হার বাড়তে চাইলে এই বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করতে হবে। বিশ্বের দরিদ্র দেশগুলোতে সাক্ষরের হার বাড়ানোর পথে এই অবস্থা অন্যতম প্রধান প্রতিবন্ধক।

সাক্ষর ড্রপ আউটের সংখ্যা কমানোর উদ্যোগ হিসাবেই বিনামূল্যে বই সরবরাহ আর পোশাকের ব্যবস্থা করেছেন প্রাইমারী স্কুলের ছাত্রছাত্রীদের জন্য। কিন্তু তহুতেও শেষ করা সম্ভব হয়নি।

প্রাসলে সংকটটা সাময়িক এবং মানুষের অর্থনৈতিক সঙ্গতির। গরমে গরমে সাধারণ মানুষের আর্থিক সঙ্গতির উন্নতিবিধান করার ব্যবস্থা করা গেলে হয়ত এই পরিস্থিতির আরও খানিকটা উন্নতি ঘটত, যে আয়োজনের জন্য চাই সকল মহলের সাক্ষর ও আন্তরিক উদ্যোগ। কারণ ন্যূনতম অর্থনৈতিক ভিত্তি ছাড়া শিক্ষা বিস্তারের উদ্যোগ সফল করে তোলা খুবই কঠিন।